

এইচএসসির উত্তরপত্র
নিম্নে ইংরেজি
পরীক্ষকের জালিয়াতি

সিলেট অফিস : সিলেট শিক্ষা বোর্ডের
অধীনে অনুষ্ঠিত এবারের উচ্চ মাধ্যমিক
পরীক্ষার উত্তরপত্র জালিয়াতির গুরুতর
অভিযোগ পাওয়া গেছে।

জানা যায়, মৌলভীবাজার জেলার
কুলাউড়া থানার এক শিক্ষক ইংরেজি ২য়
পত্রের উত্তরপত্রে লেখা এক ছাত্রের দরখাস্ত
থেকে উত্তরপত্রগুলো সিলেট দক্ষিণ সুরমা
কলেজের তা আঁচ করে এলাকার ছাত্রদের
সঙ্গে যোগাযোগ করেন। এলাকার ৪/৫
জন ছাত্র কুলাউড়া শিক্ষকের বাসা থেকে
উৎকোচের বিনিময়ে তাদের উত্তরপত্র
সিলেটে নিয়ে আসে। পুলিশ এ অভিযোগে
সিলেট দক্ষিণ সুরমা কলেজের পরীক্ষার্থী
আমিনুল হক দুলাল, মোসলেহ উদ্দিন
রবেল, খালেদ মিয়াকে উত্তরপত্রসহ আটক
করেছে। এ ব্যাপারে সিলেট শিক্ষা বোর্ডের
ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রফেসর আব্দুর
রহমান বলেন, থানায় অভিযোগ করা
হয়েছে তবে পুলিশ অভিযুক্ত শিক্ষককে
এখনো শনাক্ত করতে পারেনি।